গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, ০সেগুনবাগিচা, ঢাকা
(বোর্ড প্রশাসন-১)
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০২৯.১৭ তারিখঃ ১৩ মাঘ ১৪২৬ / ২৭ জানুয়ারি ২০২০

বিষয়ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতায় দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং-০৮.০০.০০০০.০৩৬.৩৯.০৪৫.১৭.০২, তারিখঃ ০১/০১/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১২/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে সংযুক্ত করে নির্দেশক্রমে প্রেরণ করা হলো। এ সংক্রান্তে প্রযোজ্য ক্ষেত্রে অগ্রগতি প্রতিবেদন বোর্ড প্রশাসন-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

সংযুক্তিঃ ১৮/১২/২০১৯ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।

(শারমিন আরা)
সিনিয়র সহকারী সচিব
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
ফোনঃ ৪৮৩১৮১২০-২৬/৩৭৭

প্রাপক,

সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০২৯.১৭ . ৮৭(৩) তারিখঃ ১৩ মাঘ ১৪২৬ / ২৭ জানুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি জন্যঃ

১. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ জনাব মোহাম্মদ নুরুল আবছার (অতিরিক্ত সচিব)]।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. জনাব আনতারা আনিকা পিয়া, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট এবং গ্রুপ মেইলে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭/০১/২০২০

(শারমিন আরা)
সিনিয়র সহকারী সচিব
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়।
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
প্রশাসন-১ শাখা

বিষয়ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আওতায় দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোহাম্মদ নুরুল আবছার, অতিরিক্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ ঃ ১৮ ডিসেম্বর, ২০১৯।
সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান ঃ সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকাঃ পরিশিষ্ট-'ক'।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (ইনোভেশন) জনাব মোহাম্মদ নায়িরুজ্জামান বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত সকল সদস্যের সম্মতিতে বিগত সভার কার্য বিবরণী স্থিতিকরণ করা হয়। সভার শুরুতেই এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। পরবর্তীতে আলোচ্যসূচি অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রম | আলোচনা/মতামত | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | (ক) বঙ্গবন্ধু সঞ্চয় অ্যাপসটি নির্ধারিত সময়ের মধ্যে চালু করার বিষয়ে এ বিভাগের যুগ্মসচিব (সঞ্চয়) জনাব মোঃ নুরুজ্জামান সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে জাতির পিতার জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে সঞ্চয় অ্যাপসটি চালুকরণের নিমিত্ত এ বিভাগের প্রশাসন শাখা হতে দরপত্র আহ্বান করা হয়েছে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে এ এ্যাপটি চালু করা যাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন । | (ক) বঙ্গবন্ধু সঞ্চয় অ্যাপসটি নির্ধারিত সময়ের মধ্যে চালু করার উদ্যোগ নিতে হবে। | (ক) উপসচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ০২. | (ক) কর্মকর্তা/কর্মচারীদের বাসা বরাদ্দের সেবাটি সহজীকরণের প্রসেসম্যাপ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অধিক্ষেত্রে বাস্তবায়িত করার বিষয়ে সভায় আলোচনা হয় । ইতোমধ্যে কর্মকর্তা/কর্মচারীদের বাসা বরাদ্দের সেবাটি সহজীকরণের প্রসেসম্যাপটি জারী করা হয়েছে । | (ক) কর্মকর্তা/কর্মচারীদের বহিঃ বাংলাদেশ ছুটির সেবাটি সহজীকরণের প্রসেসম্যাপ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অধিক্ষেত্রে বাস্তবায়ন করতে হবে । | (ক) যুগ্ম সচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ০৩. | (ক) সভায় ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ গ্রহনের (SIP) বিষয়ে আলোচনা হয় । উপসচিব (ইনোভেশন) জানান যে, জাতীয় সঞ্চয় অধিদপ্তর হতে ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ (SIP) গ্রহনের তালিকা পাওয়া গিয়েছে । এ বিভাগের অধীনস্ত অন্যান্য দপ্তর সংস্থা হতে উদ্ভাবনী উদ্যোগ (SIP) গ্রহন এর তালিকা পাওয়া যায়নি । জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব জনাব মুহাম্মদ কামরুল হাসান যে, জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে অনেকগুলো ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ (SIP) গ্রহন করা হয়েছে এবং বাস্তবায়ন করা হয়েছে । তিনি ক্ষুদ্র উদ্ভাবনী | (ক) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্ত সকল সকল দপ্তরসমূহ আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে এ অর্থবৎসরে বাস্তবায়নাধীন ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ (SIP) তালিকা অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে । | ১। সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।<br>২। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর,ঢাকা ।<br>৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা ।<br>৪। প্রেসিডেন্ট, ট্যাক্সেস |

৫৬

| | | | |
|---|---|---|---|
| | উদ্যোগ (SIP) গুলোর তালিকা খুব শীঘ্রই অভ্যন্তরীন সম্পদ বিভাগে প্রেরণ করবেন মর্মে জানান ।<br><br>(খ) সভায় অভ্যন্তরীন সম্পদ বিভাগে ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ (SIP) এর তালিকা এবং বাস্তবায়ণ অগ্রগতি নিয়ে আলোচনা হয় । সভায় এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিতকল্পে এ বিভাগের সুবিধাজনক স্থানে একটি প্রাথমিক স্বাস্থ্য সেবা কর্ণার স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয় । যেখানে ডায়াবেটিস, ব্লাড প্রেশার মাপার আধুনিক যন্ত্রপাতি ও উপকরণসহ প্রয়োজনীয় অন্যান্য প্রাথমিক স্বাস্থ্য সেবার উপকরন, ঔষধ ও স্বাস্থ্য বিষয়ক তথ্যাদি ও বই থাকবে । | (খ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগে একটি প্রাথমিক স্বাস্থ্য সেবা কর্ণার স্থাপন করতে হবে । | আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা ।<br><br>(খ) যুগ্ম সচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ০৪. | (ক) সভায় অনলাইনে সিআইপি আবেদন গ্রহণ সংক্রান্ত উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে এ কার্যালয়ের সহকারী প্রোগ্রামার জনাব মোঃ ফরহাদ খান পাঠান যে, ইতোমধ্যে অভ্যন্তরীন সম্পদ বিভাগে সিআইপি আবেদন ফরমটি অনলাইনে গ্রহণ করার জন্য যুগোপযোগী করা হয়েছে এবং এটুআই প্রকল্পের "এক সেবা" এর মাধ্যমে অনলাইনে পরীক্ষামূলক ভাবে আপলোড করা হয়েছে । | (ক) এটুআই প্রকল্পের সাথে যোগাযোগের মাধ্যমে অনলাইনে সিআইপি আবেদন গ্রহণ সংক্রান্ত উদ্ভাবনী ধারণাটি দ্রুত বাস্তবায়ন করতে হবে। | (ক) জনাব মোঃ ফরহাদ খান পাঠান , সহকারী প্রোগ্রামার , অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ০৫. | (ক) জনাব মোঃ তৌহিদুল ইসলাম, সহকারী কর কমিশনার, কর অঞ্চল, ময়মনসিংহ সভায় "বকেয়া কর আদায়" শীর্ষক তাঁর উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি উপস্থাপন করেন । সভায় তাঁর উদ্ভাবনী উদ্যোগটি নিয়ে বিস্তারিত আলোচনা হয় । বর্ণিত উদ্ভাবনটি কর অঞ্চল-২, ঢাকা কর্তৃক উদ্ভাবিত "ডিমান্ড এন্ড কালেকশান টুল" নামক সফট্ওয়্যারের সাথে সম্পর্কিত কিনা তা পরীক্ষা করার বিষয়ে আলোচনা হয় । এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব (বোর্ড প্রশাসন) জনাব মুহাম্মদ কামরুল হাসান বলেন যে, "বকেয়া কর আদায়" বিষয়ক উদ্ভাবনটি জাতীয় রাজস্ব বোর্ডের আইটি বিশেষজ্ঞ টিমের নিকট উপস্থাপনের প্রস্তাব করেন । | (ক) "বকেয়া কর আদায়" বিষয়ক উদ্ভাবনটি জাতীয় রাজস্ব বোর্ডের আইটি বিশেষজ্ঞ টিমের নিকট উপস্থাপনের করতে হবে । | (ক) সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড, এবং জনাব মোঃ তৌহিদুল ইসলাম, সহকারী কর কমিশনার, কর অঞ্চল, ময়মনসিংহ |
| ০৬. | (ক) জনাব উম্মে নাহিদা আক্তার, সহকারি কমিশনার, কাস্টম হাউস, ঢাকা সভায় " Vat Return দাখিল " শীর্ষক তাঁর উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি উপস্থাপন করেন । তিনি জানান যে, তিনি তার পূর্ববর্তী কর্মস্থল নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরে তাঁর উদ্ভাবনী উদ্যোগটি ইতোমধ্যে পাইলটিং করেছেন । সভায় তাঁর উদ্ভাবনী উদ্যোগটি নিয়ে আলোচনা হয় । | (ক) "Vat Return দাখিল" বিষয়ক উদ্ভাবনটি সমপর্যায়ের সকল অফিসে রেপ্লিকেশনের জন্য সুপারিশ করা হয় । | (ক) চিফ ইনোভেশন অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ,ও<br><br>ইনোভেশন অফিসার, জাতীয় রাজস্ব বোর্ড । |

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
( মোহাম্মদ নুরুল আবছার)
অতিরিক্ত সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
প্রশাসন-১ শাখা
অর্থ মন্ত্রণালয়
www.ird.gov.bd

পত্র সংখ্যা ০৮.০০.০০০০.০৩৬.৩৯.০৪৫.১৭.02 | তারিখ ঃ ১৭ পৌষ ১৪২৬ / ০১ জানুয়ারি, ২০২০

সদয় অবগতির ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০২। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা
০৩। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা
০৪। যুগ্ম-সচিব (প্রশাসন)/(শুল্ক, সঞ্চয় ও স্ট্যাম্প), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
০৫। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
০৬। প্রেসিডেন্ট, ট্যাক্সেসেস আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
০৭। কর কমিশনার, কর অঞ্চল-ময়মনসিংহ।
০৮। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
০৯। উপসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনাব উম্মে নাহিদা আক্তার, সহকারী কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
১১। জনাব মোঃ তৌহিদুল ইসলাম, সহকরী কর কমিশনার, কর অঞ্চল-ময়মনসিংহ।
১২। জনাব মোঃ ফরহাদ খান পাঠান, সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,ঢাকা।
১৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। অতিরিক্ত সচিবের (ইনোভেশন) ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০১/০১/২০২০
(মোহাম্মদ নায়িরুজ্জামান)
উপসচিব
ফোন: ৯৫৪০০৯৪